সিএমএসএমই উদ্যোক্তাদের অপেক্ষাকৃত স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৫,০০০ কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম ঘোষনা করা হয়েছে। অংশীদারী ব্যাংক হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংক উক্ত স্কিমের আওতায় অর্থায়ন করে যাচ্ছে।

**স্কিমের নামঃ**

## “ সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম ।”

**তহবিলের উৎস ও পরিমানঃ**

বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল ২৫,০০০ কোটি টাকা।

**ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ**

সিএমএসএমই উদ্যোক্তাগণ উক্ত ঋণ প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

**ঋণের খাতঃ (উচ্চ অগ্রাধিকার খাত)**

১। কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প
২। তৈরি পোশাক শিল্প
৩। আইসিটি/সফটওয়্যার শিল্প
৪। ঔষধ শিল্প
৫। চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প
৬। লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প
৭। পাট ও পাটজাত শিল্প

**ঋণের খাতঃ (অগ্রাধিকারপ্রাপ্ত খাতসমূহ)**

১। প্লাস্টিক শিল্প
২। বৈদেশিক কর্মসংস্থান
৩। জাহাজ নির্মাণ শিল্প
৪। পরিবেশসম্মত জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প
৫। পর্যটন শিল্প
৬। হিমায়িত মৎস্য শিল্প
৭। হোম টেক্সটাইল সামগ্রী শিল্প
৮। নবায়নযোগ্য শক্তি (সোলার পাওয়ার, উইন্ড মিল)
৯। এ্যাকটিভ ফার্মাসিটিক্যাল ইনগ্রেডিয়েন্ট শিল্প ও রেডিও ফার্মাসিটিক্যাল শিল্প
১০। ভেষজ ঔষধ শিল্প
১১। তেজস্কিয় রশ্মির (বিকিরণ) প্রয়োগ শিল্প (যেমন-পচনশীল পলিমারের গুণগত মান উন্নয়ন/খাদ্য-শস্য সংরক্ষণ/চিকিৎসা সামগ্রী জীবাণুমুক্তকরণ শিল্প)
১২। পলিমার উৎপাদন শিল্প
১৩। হাসপাতাল ও ক্লিনিক
১৪। অটোমোবাইল প্রস্তুত ও মেরামতকারী শিল্প
১৫। হস্ত ও কারু শিল্প
১৬। বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি
১৭। চা শিল্প
১৮। বীজ শিল্প
১৯। জুয়েলারি
২০। খেলনা
২১। প্রসাধনী ও টয়লেট্রিজ
২২। আগর শিল্প
২৩। আসবাবপত্র শিল্প
২৪। সিমেন্ট শিল্প

**সুদের হারঃ** গ্রাহক পর্যায়ে ঋণের সুদের হার বার্ষিক ৭%।

**গ্রাহক পর্যায়ে ঋণসীমাঃ**

উৎপাদনশীল শিল্পে সর্বোচ্চ ৭৫.০০ কোটি টাকা এবং সেবা শিল্পে সর্বোচ্চ ৫০.০০ কোটি টাকা অর্থায়ন করা হয়।

জামানতঃ

নারী উদ্যোক্তাদের ১০.০০ লক্ষ টাকা এবং পুরুষ উদ্যোক্তাদের ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদান করা হবে। এর অতিরিক্ত পরিমান ঋণ গ্রহণের ক্ষেত্রে ঋণাংক জামানত দ্বারা আবৃত হতে হবে।

ঋণের মেয়াদঃ

গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ হবে গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর। উদ্যোগের ধরণ বিবেচনায় সর্বোচ্চ ৬ মাসের গ্রেস পিরিয়ড নির্ধারণ করা যাবে। মেয়াদী ঋণ মাসিক/ ত্রৈমাসিক/ ষান্মাসিক কিস্তিতে আদায়যোগ্য হবে।

সিএমএসএমই খাতে নিয়োজিত উদ্যোক্তাদের মাঝে সহজশর্তে অর্থ প্রাপ্তির সুযোগ তৈরী করা সম্ভব হলে তা জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনকে অধিকতর গতিশীল করবে। সে লক্ষ্যে, সিএমএসএমই উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত স্বল্প সুদে ঋণ সুবিধা নিশ্চিত করতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক উক্ত পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়েছে এবং বাংলাদেশ কৃষি ব্যাংক অংশীদারী ব্যাংক হিসেবে উক্ত স্কিম এর আওতায় অর্থায়ন করে যাচ্ছে।